

জগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

১৩২১১

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৪৮.১৪.

তারিখ : ০২ মাঘ ১৪২৪  
১৫ জানুয়ারি ২০১৮

প্রাপক,  
চেয়ারম্যান  
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয় : থাইল্যান্ড সফরের অনুমতি প্রদান।

মহোদয়,

থাইল্যান্ডের ব্যাংককস্থ এশিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজি (এআইটি)তে “বঙ্গবন্ধু চেয়ার” গবেষক হিসেবে Energy Environment and Climate Change পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর সহকারী ব্যবস্থাপক জনাব হাছান মাহমুদকে জানুয়ারি ২০১৮ হতে অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ০৪ (চার) বছর প্রেষণ মঞ্জুরপূর্বক থাইল্যান্ড গমন ও অবস্থানের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

২। তার এ প্রোগ্রামে অংশগ্রহণের শর্তাবলি নিম্নরূপঃ

- (ক) তিনি সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত থাইল্যান্ডে অবস্থান করতে পারবেন না;
- (খ) আলোচ্য প্রোগ্রামে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার বাংলাদেশ সরকারের Bangladesh Embassy Bangabandu Chair Fund (BEBCF) কর্তৃক নির্বাহ করা হবে;
- (গ) পিএইডি প্রোগ্রাম চলাকালীন তাঁর জ্যেষ্ঠতা ক্ষুণ্ণ হবে না; এবং
- (ঘ) প্রেষণকালীন আলোচ্য কর্মকর্তার বেতন ভাতাদি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) কর্তৃক নির্বাহ করা হবে।
- (ঙ) প্রোগ্রামে অংশগ্রহণের জন্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মুচলেকার সকল শর্ত প্রযোজ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ—

মোহাম্মদ কামরুজ্জামান)

উপসচিব


ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৪৮.১৪. ২৩৮

তারিখ : ০২ মাঘ, ১৪২৪  
১৫ জানুয়ারি ২০১৮

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : মহা-পরিচালক, কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মান্যবর রাষ্ট্রদূত, থাইল্যান্ড দূতাবাস, ঢাকা।
- ৪। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক, থাইল্যান্ড।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
- ৭। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। জনাব হাছান মাহমুদ, সহকারী ব্যবস্থাপক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
- ৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। অফিস কপি।

  
(মোহাম্মদ কামরুজ্জামান)  
উপসচিব